



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

17 March 2026

7:35 AM IST

=====

ৰাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আসাম বিধানসভা নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তী জারি করেছেন। এরফলে রাজ্যে মনোনয়ন পত্র জমা করার প্রক্রিয়া শুরু হয়ে গেল। রাজ্যে ১২৬ টি আসনের মধ্যে ৯ টি অনুসূচিত জাতির জন্য ও ১৯ টি অনুসূচিত জনজাতির জন্য সংরক্ষিত আসন রয়েছে। গতকাল গুয়াহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক শ্রী গোয়েল জানান যে রাজ্যে এবারের বিধানসভা নির্বাচনে দু কোটি ৫০ লক্ষ ২১ হাজার ৪শ ১৩ জন ভোটদাতা তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। এই ভোটগ্রহণে একশ শতাংশ ওয়েবকাস্টিং এর ব্যবস্থা করা হবে।

শ্রীগোয়েল আরো জানান-----

বাইট

উল্লেখ্য মনোনয়ন পত্র জমা করার শেষ দিন হচ্ছে ২৩ শে মার্চ
এবং ২৪ শে মার্চ মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে ও ২৬ শে
মার্চ মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ধার্য করা হয়েছে। উল্লেখ্য
বর্তমান আসাম বিধানসভার মেয়াদ আগামী কুড়ি মে শেষ হবে।

নির্বাচন কমিশন আসাম বিধানসভা নির্বাচনের জন্য অবসরপ্রাপ্ত
ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক মনজিৎ সিংকে বিশেষ
পর্যবেক্ষক হিসেবে নিযুক্তি দিয়েছে। আধিকারিক শ্রী সিং আসামে
নির্বাচনের সমগ্র দিক পর্যবেক্ষন করা সহ আসনগুলিতে নির্বাচনী
কার্যকলাপের ওপর দৃষ্টি রাখবেন। রাজ্য নির্বাচন কমিশনের
সহযোগীতায় তিনি বিধানসভা নির্বাচনের পর্যবেক্ষণ ও আদর্শ
আচরণ বিধি ভংগ সম্পর্কিত বিষয় তদারকি করবেন।

শ্রীভূমি জেলা প্রশাসন থেকে আসন্ন বিধানসভা নির্বাচনের সময় উৎকোচ
দিয়ে প্রভাবিত করার বিরুদ্ধে ভোটারদেরকে সচেতন থাকতে অনুরোধ করা
হয়েছে। জেলা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তিতে ভারতীয় নাগরিক সংহিতার
১৭০, ১৭১ (বি)এর ধারা অনুযায়ী উৎকোচ দেওয়া ও গ্রহন করাকে একটি
গুরুতর অপরাধ হিসেবে গণ্য করা হয়। এই ধারা অনুযায়ী নির্বাচনে
অবতীন কোন প্রার্থী কোন ধরনের উপহার বা উৎকোচ দিয়ে থাকে, তবে
তা অপরাধ হিসেবে গণ্য হবে। এতে এক বছরের জেল, জরিমানা,
উভয়ই হতে পারে।

শ্রীভূমি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলা আয়ুক্তের কার্যালয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে। এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬৫১৪৪। অতিরিক্ত জেলা আয়ুক্ত লালরোলু খীনগতে এই কন্ট্রল রুমের দায়িত্বে রয়েছেন।

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য সি পি আই এম দল গতকাল দুটি আসনের জন্য প্রার্থীর নাম ঘোষণা করেছে। দলটি সাংবাদিক সম্মেলনে জানায় যে ভবানীপুর সরভোগ বিধানসভা আসনের জন মনোরঞ্জন তালুকদারকে এবং গোরেশ্বর আসনের জন্য বাপুরাম বড়েকে প্রার্থিত্ব প্রদান করেছে। উল্লেখ্য বিধানসভা নির্বাচনের জন্য কংগ্রেস, আম আদমি পার্টি, রাইজর দল, এ আই ইউ ডি এফ ইতেমধ্যে প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ভারতীয় জনতা পার্টি আগামীকাল প্রার্থী তালিকা প্রকাশ করবে।

কাছাড় জেলায় স্বচ্ছ, সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে বিধানসভা নির্বাচন সম্পন্ন করার উদ্দেশ্যে জেলা প্রশাসন জেলার সাতটি বিধানসভা আসনের জন্য মনোনয়নপত্র গ্রহণ ও যাচাই প্রক্রিয়ার জন্য নির্ধারিত স্থান ঘোষণা করেছে। জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী অধিকারীক আয়ুষ গার্গ গতকাল নিজ কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে লক্ষীপুর, উধারবন্দ, কাটিগড়া, বড়খলা, শিলচর, সোনাই এবং ধলাই সংরক্ষিত আসনের মনোনয়ন প্রক্রিয়া শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গণের সংশ্লিষ্ট নির্বাচনী

আধিকারীকদের কক্ষে সম্পন্ন করা হবে । ১০৪ নম্বর লক্ষীপুর বিধানসভা আসনের ক্ষেত্রে নির্বাচন আধিকারীক ধুবজ্যোতি পাঠক লক্ষীপুর সম জেলা আয়ুক্তের কার্যালয়ের মূল ভবনের প্রথম তলার ১১৪ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন । ১১৫ নম্বর উখারবন্দ বিধানসভা আসনের মনোনয়নপত্র নির্বাচন আধিকারীক মনোজ্যোতি কুটুম ১১৫ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন । ১১৬ নম্বর কাটিগড়া বিধানসভা আসনের জন্য জেলা পরিষদের প্রধান কার্যবাহী আধিকারীক ডরোথি সুচিয়াং উন্নয়ন ভবনের ১১৬ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন । অনুরূপভাবে ১১৭ নম্বর বড়খলা আসনের জন্য নির্বাচন আধিকারীক রাজীব রায় উন্নয়ন ভবনের ১১৭ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন । ১১৮ নম্বর শিলাচর বিধানসভা আসনের মনোনয়ন প্রক্রিয়া পরিচালনা করবেন অতিরিক্ত আয়ুক্ত তথ্য নির্বাচন আধিকারীক রঞ্জিম বড়ুয়া । তিনি উন্নয়ন ভবনের ১১৮ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন । ১১৯ নম্বর সোনাই আসনের জন্য নির্বাচন আধিকারীক ডেভিড কুমার বরা জেলা আয়ুক্ত কার্যালয়ের মূল ভবনের ১১৯ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন । অন্যদিকে ১২০ নম্বর ধলাই সংরক্ষিত আসনের জন্য নির্বাচন আধিকারীক সৌভিক ভূঁইয়া উন্নয়ন ভবনের ১২০ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন ।

শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ , সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ১৬৩ ধারার অধীনে বেশ কিছু বিধিনেমেষধ জারী করা হয়েছে । নিষেধাজ্ঞায়

বলা হয়েছে যে অনুমতি ছাড়া পাঁচ বা ততোধিক ব্যক্তি একত্রিত হতে পারবেন না । অনুমতি ছাড়া কোন সরকারী-বেসরকারী প্রাঙ্গন , শিক্ষা প্রতিষ্ঠান , অতিথিশালায় নির্বাচনী প্রচার অভিযান চালানো যাবে না । যেকোন ধরনের অস্ত্র , বিস্ফোরক বা সন্দেহজনক বস্তু বহন করা যাবে না । এছাড়া অনুমতি ছাড়া কোন জনসভা , র্যালী , ধর্না বা মিছিল করা যাবে না । পাশাপাশি কোন জাতি,ধর্ম বা সম্প্রদায়কে আঘাত করে উস্কানিমূলক ভাষন , শ্লোগান , ব্যানার বা দেওয়াল লিখন সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে ।
